বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
বাপাউবো.বাংলা

নির্বাহী প্রকৌশলী'র দপ্তর
ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ
বাপাউবো, ঠাকুরগাঁও।

স্মারক নং: ৪২.০১.৯৪০০.১৮৬.০৭.০০১.২৫-১০৫১ তারিখ: ১৮/০৮/২০২৬ খ্রি.

# সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ক্রয় ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকেউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং- ৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী প্রতিসেট নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০.০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও (Accounts Officer, RAC, BWDB, Thakurgaon) এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে প্রাক্কলন শাখা হতে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্ত ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ০১/১০/২০২৬ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরে প্রাক্কলন শাখায় জমা প্রদান করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয়, গ্রহণ ও নবায়ন আবেদন গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার/সরবারহকারী তালিকাভুক্তি আবেদনের তফসিলঃ

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির ধরণ | আবেদন ফরম বিক্রয়ের আরম্ভের তারিখ | আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভুক্তির আবেদন জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য ক্রয় ও পণ্য) | ২০/০৮/২০২৬ খ্রিঃ | ২০/০৯/২০২৬ খ্রিঃ | ০১/১০/২০২৬ খ্রিঃ |

নতুন তালিকাভুক্তির (কার্য ক্রয় ও পণ্য) প্রয়োজনীয় শর্তাবলীঃ

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ৩। হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য ক্রয়ের ক্ষেত্রে ২৫.০০ লক্ষ টাকা এবং পণ্য সরবারহের ক্ষেত্রে ৫.০০ লক্ষ টাকা) ৪। জাতীয় পরিচয়পত্র ৫। পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি। ৬। প্রতিষ্ঠানের জনবলের তালিকা ৭। প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা ৮। ঠিকাদার/প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- (তিন শত) টাকার ষ্ট্যাম্পে হলফনামা। |
| আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও (Accounts Officer, RAC, BWDB, Thakurgaon) এর অনুকূলে পরিশোধযোগ্য। |
| তালিকাভুক্তিকরন ফি | ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাত শত পঞ্চাশ) টাকা তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে তালিকাভুক্ত ফি ৩,০০০.০০ (তিন হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৪৫০.০০ (চার শত পঞ্চাশ) টাকা ২টি ভিন্ন ভিন্ন পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও (Accounts Officer, RAC, BWDB, Thakurgaon) এর অনুকূলে পরিশোধযোগ্য। |

২। তালিকাভুক্ত ঠিকাদার/সরবারহকারী নবায়নের তফসিলঃ

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির নবায়ন ধরণ | আবেদন ফরম বিক্রয়ের আরম্ভের তারিখ | আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ | নবায়নের আবেদন জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য ক্রয় ও পণ্য) | ২০/০৮/২০২৬ খ্রিঃ | ২০/০৯/২০২৬ খ্রিঃ | ০১/১০/২০২৬ খ্রিঃ |

নবায়নের (কার্য ক্রয় ও পণ্য) প্রয়োজনীয় শর্তাবলীঃ

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ৩। হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য-ক্রয় ক্ষেত্রে ২৫.০০ লক্ষ টাকা এবং পণ্য সরবারহের ক্ষেত্রে ৫.০০ লক্ষ টাকা) ৪। জাতীয় পরিচয়পত্র ৫। প্রতিষ্ঠানের জনবলের তালিকা ৬। প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা। |
| আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও এর অনুকূলে পরিশোধযোগ্য। |
| নবায়নের ফি | ২,০০০.০০ (দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিন শত) টাকা তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে নবায়ন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ২২৫.০০ (দুই শত পঁচিশ) টাকা ২টি ভিন্ন ভিন্ন পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও (Accounts Officer, RAC, BWDB, Thakurgaon) এর অনুকূলে পরিশোধযোগ্য। |

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
বাপাউবো.বাংলা

**নির্বাহী প্রকৌশলী'র দপ্তর**
ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ
বাপাউবো, ঠাকুরগাঁও।

১৮/০৮/২৬

**(মোঃ মনিরুল ইসলাম)**
নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)(অঃদাঃ)
পরিচিত নং: ৮৭০১২০০০২
মোবাইল: ০১৭২০৫৫০৩৭৯
ই-মেইল: xen.mechthak@gmail.com

স্মারক নং: ৪২.০১.৯৪০০.১৮৬.০৭.০০১.২৫-১০৫১

তারিখ: ১৮/০৮/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/আবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), উত্তরাঞ্চল, বাপাউবো, আলমনগর, রংপুর।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ঠাকুরগাঁও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৫। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (**বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকা এবং ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ**)।
৬। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি সেল, বাপাউবো, ঢাকা (**তালিকাটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো**)।
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ), ঠাকুরগাঁও যান্ত্রিক উপ-বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও।
৮। সিনিয়র সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঠাকুরগাঁও।
৯। প্রাক্কলনিক, ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও। **তাকে ঠিকাদার তালিকাভুক্তির ফর্ম বিক্রয় ও গ্রহন এবং নবায়ন ফিসহ নবায়নের আবেদন গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হলো।**
১০। দপ্তর কপি/ নোটিশ বোর্ড।

১৮/০৮/২৬

নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)
ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ,
বাপাউবো, ঠাকুরগাঁও।